CA BANGLADESH

THE INSTITUTE OF CHARTERED ACCOUNTANTS OF BANGLADESH

MIDAS FIANCING LIMITED
a real friend of entrepreneurs

মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড এর

নিকট ঋণ আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিল কৃত

হালনাগাদ নিরীক্ষা প্রতিবেদন ও নিরীক্ষিত আর্থিক বিবরণী যাচাই করন বিষয়ক

সমঝোতা স্মারক

দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি)

এবং

মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড

ডিসেম্বর ২৮, ২০২১

পৌষ ১৩, ১৪২৮

CA BANGLADESH | THE INSTITUTE OF CHARTERED ACCOUNTANTS OF BANGLADESH

MIDAS FIANCING LIMITED
a real friend of entrepreneurs

যেহেতু, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৭ই আগষ্ট ২০২১ইং তারিখে জারিকৃত ডিএফআইএম সার্কুলার নং ০৮ এর মাধ্যমে ঋণ অনুমোদন/নবায়নের ক্ষেত্রে বাধ্যতামূলক ভাবে চার্টার্ড একাউন্ট্যান্টস কর্তৃক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং স্টেক হোল্ডারদের জন্য প্রণীত হালনাগাদ Statutory Audit Report গ্রহন করে তাযথাযথ ভাবে ঋণ ফাইলে সংরক্ষনের নির্দেশনা রয়েছে, এবং

যেহেতু, বাংলাদেশ ব্যাংককর্তৃক জারিকৃত উক্ত(ডিএফআইএম) এরমাধ্যমে ঋণ আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত নিরীক্ষীত আর্থিক প্রতিবেদন সঠিক এবং যথাযথ কিনা তাআর্থিক প্রতিষ্ঠান কর্তৃক যাচাই করার বিধান রয়েছে, এবং

যেহেতু, দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি) চার্টার্ড একাউন্ট্যান্সি পেশার নিয়ন্ত্রণকারী স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, এবং

যেহেতু, ঋণ আবেদনকারী প্রতিষ্ঠান সমূহের দাখিলকৃত আর্থিক বিবরণী আইসিএবি থেকে সার্টিফিকেট অব প্র্যাকটিস (সিওপি) প্রাপ্তচার্টার্ড একাউন্ট্যান্ট কর্তৃক নিরীক্ষা করার বিধান রয়েছে, এবং

যেহেতু, ঋণ প্রাপ্তির লক্ষ্যে ঋণ আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আর্থিক প্রতিবেদনটি অনুমোদিত নিরীক্ষা ফার্ম কর্তৃক নিরীক্ষিত ও স্বাক্ষরিত কিনা তা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক যাচাই করতে হয়, এবং

যেহেতু, বাংলাদেশ ব্যাংকের উল্লেখিত বিধান পরিপালন কল্পে মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড (আর্থিক প্রতিষ্ঠান) এরনিকট দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ভেরিফিকেশনে আইসিএবি আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক চাহিত প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে, এবং

যেহেতু নিরীক্ষা ফার্ম কর্তৃক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন গুলো স্টেকহোল্ডার কর্তৃক অনলাইনের মাধ্যমে যাচাইকরার লক্ষ্যে আইসিএবি কর্তৃক Document Verification System (DVS) নামীয় একটি সিস্টেম উন্নতি করণ করা হয়েছে।

সেহেতু, DVS এর কার্যকরী ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড এবং আইসিএবি নিম্নবর্ণিত বিষয়ে এ মর্মে সম্মত হয়:

১. DVS সব সময় ব্যবহার উপযোগী রাখার বিষয়টি আইসিএবি নিশ্চিত করবে।

২. DVS তৈরি পরিচালনা, রক্ষণাবেক্ষণ, উন্নতিকরণ এবং ডাটা হালনাগাদ করণ, সংযোজন, পরিবর্তন, পরিমার্জন করার সাথে সংশ্লিষ্ট যাবতীয় ব্যয়এখন ও পর্যন্ত আইসিএবি বহন করছে। তবে এই সমঝোতা স্মারকস স্পন্ন হওয়ার পরবর্তী সময়ে পরিচালনা, রক্ষণাবেক্ষণ, উন্নতি করণ এবং ডাটা হালনাগাদ করণ ব্যয় নির্বাহের জন্য উভয় পক্ষের সম্মতিক্রমে মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড এর একটি বার্ষিক নিধারিত ফি আইসিএবি কে প্রদান করবে।

৩. ঋণ আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত নিরীক্ষাপ্রতিবেদন ও নিরীক্ষিত আর্থিক বিবরণী আইসিএবি এর সিওপি ধারীচার্টার্ড একাউন্ট্যান্ট কর্তৃক প্রত্যয়িত কিনা তাযাচাইয়ের জন্য এই ভেরিফিকেশন সিস্টেম মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড ব্যবহার করবে।

৪. মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড এর নিকট ঋণ আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আর্থিক প্রতিবেদন মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড কর্তৃক যাচাই কালে প্রতিবেদনের তথ্যাবলী আইসিএবি কর্তৃক প্রস্তুতকৃত DVSএ প্রদত্ত তথ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা নিশ্চিত করবে।

CA BANGLADESH | THE INSTITUTE OF CHARTERED ACCOUNTANTS OF BANGLADESH

MIDAS FIANCING LIMITED
a real friend of entrepreneurs

৫. DVS ব্যবহারের ক্ষেত্রে কোন কারিগরি সমস্যার উদ্ভব হলে আইসিএবি তা যথা শীঘ্র সমাধান করার ব্যবস্থা গ্রহণ করবে।

৬. বাংলাদেশ ব্যাংকের উপরোল্লিখিত সার্কুলার এর আলোকে মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড এই সমঝোতা স্মারকের উদ্দেশ্যে বাস্তবায়নের জন্যেই শুধুমাত্র DVS হতে প্রাপ্ত তথ্যেও ব্যবহার নিশ্চিত করবে।

৭. মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড এই সমঝোতা স্মারকের উদ্দেশ্য বাস্তবায়নে মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড এর সংশ্লিষ্ট কোন কর্মকর্তা বা কর্মচারী ব্যতিরেকে কাউকে DVS হতে তথ্য প্রাপ্তির ব্যাপারে অনুমতি বা সহায়তা প্রদান করবে না।

৮. দেশে প্রচলিত আইনে ভিন্ন রুপ বিধান না থাকিলে, মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড কর্তৃপক্ষ DVS হতে প্রাপ্ত সকল তথ্যের প্রয়োজনীয় গোপনীয়তা সম্পূর্নরুপে বজায় রাখবে এবং আইসিএবি এর পূর্বানুমোদন ব্যতিরেকে উক্ত তথ্য প্রকাশ করা হতে বিরত থাকবে।

৯. DVS এর ব্যবহারের ক্ষেত্রে মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড কর্তৃক কোন সংযোজন, পরিবর্তন বা পরিমার্জনের প্রয়োজন হলে মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড তা আইসিএবি কে অবহিত করবে এবং উভয় পক্ষের মধ্যে আলোচনাক্রমে আইসিএবি প্রয়োজনীয় সংযোজন, পরিবর্তন বা পরিমার্জনের কার্যক্রম সম্পন্ন করবে।

১০. এই সমঝোতা স্মারকের যে কোনশর্ত মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড এবং আইসিএবি এর আলোচনাও সম্মতির ভিত্তিতে সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন করা যাবে।

১১. DVSশুধুমাত্র ঋণ আবেদনকারী প্রতিষ্ঠান সমূহ কর্তৃক মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড এর নিকট দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদন সহ নিরীক্ষিত আর্থিক বিবরণী আইসিএবি থেকে সার্টিফিকেট অব প্রাকটিস (সিওপি) প্রাপ্ত চার্টার্ড একাটউন্ট্যান্ট কর্তৃক স্বাক্ষরিত ও তাদের কর্তৃক প্রদত্ত তথ্য সঠিক ও যথাযথ কি না তার সত্যতা যাচাই করতে সাহায্য করবে। দাখিলকৃত ও যাচাইকৃত নিরীক্ষা প্রতিবেদন সহনিরীক্ষিত আর্থিক বিবরণীতে প্রদত্ত তথ্যেও উপর ভিত্তি করে মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্ত মাইডাস ফাইন্যান্সিং লিমিটেডএর নিজস্ব সিদ্ধান্ত ও দায়বদ্ধতা হিসাবে গণ্য হবে।

মাহমুদ উল হাসান খসরু, এফসিএ
প্রেসিডেন্ট
দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি)

তারিখঃ 28.12.2021

Mohammad Deloar Hossain
Senior Deputy Director
(Head of IT Division)
Institute of Chartered
Accountants of Bangladesh (ICAB)

মুস্তাফিজুর রহমান
ম্যানেজিং ডাইরেক্টর
মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড

তারিখঃ 28.12.2021